গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-৩ শাখা
www.lgd.gov.bd

নম্বর- ৪৬.০০.০০০০.০০০.০৯৫.০৬.০০২.২৫-৩৮১

তারিখ: ১৪ শ্রবাণ ১৪৩২
২৯ জুলাই ২০২৫

**বিষয়ঃ প্রকল্প যাচাই কমিটি'র সভার অনুমোদিত কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব মোঃ রেজাউল মাকছুদ জাহেদী মহোদয়ের সভাপতিত্বে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত নিম্নবর্ণিত প্রকল্পসমূহের প্রকল্প যাচাই কমিটির সভা ২৩ জুলাই, ২০২৫ তারিখ স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়ে অনুষ্ঠিত হয়।

| ক্রমিক | প্রকল্পের নাম | দপ্তরের নাম |
|---|---|---|
| ১. | ফরিদপুর জেলার সদরপুর এবং চরভদ্রাসন উপজেলায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ২. | হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) | |
| ৩. | পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প (২য় পর্যায়) | |

০২। সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

২৯/০৭/২৫

মোঃ ইবাদত হোসেন
উপসচিব
ফোন-০২৫৫১০০৭২৫
planning3.lgd@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (পাস)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা;
৩. যুগ্মসচিব (পাস/পরিকল্পনা-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. উপসচিব (পাস-১/বাজেট), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর-৪৬.০০.০০০০.০০০.০৯৫.০৬.০০২.২৫-৩৮১/১(৩)

তারিখ: ১৪ শ্রবাণ ১৪৩২
২৯ জুলাই ২০২৫

**অনুলিপি (জ্ঞাতার্থে/ কার্যার্থে):**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সিস্টেম এনালিষ্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৩. অফিস কপি।

২৯/০৭/২৫

মোঃ ইবাদত হোসেন
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-৩ শাখা
www.lgd.gov.bd

বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগের আওতায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত মোট ৩টি প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রকল্প যাচাই কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ রেজাউল মাকছুদ জাহেদী<br>সচিব, স্থানীয় সরকার বিভাগ |
| সভার তারিখ | ঃ | ২৩ জুলাই ২০২৫ |
| সভার স্থান | ঃ | মন্ত্রিপরিষদ বিভাগের পুরাতন সভা কক্ষ<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| সভায় উপস্থিতির তালিকা | ঃ | পরিশিষ্ট-'ক' |

**১। প্রকল্পের নামঃ ফরিদপুর জেলার সদরপুর এবং চরভদ্রাসন উপজেলায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প**

**১.১। উপস্থাপনাঃ**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (পরিকল্পনা-৩) প্রকল্পটি উপস্থাপন করে বলেন, "ফরিদপুর জেলার সদরপুর এবং চরভদ্রাসন উপজেলায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন" শীর্ষক প্রকল্পটি মোট ৪১৫৬.৭৫ লক্ষ (একচল্লিশ কোটি ছাপ্পান্ন লক্ষ পঁচাত্তর হাজার) টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল ২০২৫ হতে জুন ২০২৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রকল্পটি ফরিদপুর জেলার সদরপুর এবং চরভদ্রাসন উপজেলায় বাস্তবায়িত হবে। প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে ফরিদপুর জেলার সদরপুর এবং চরভদ্রাসন উপজেলায় বসবাসরত জনগণের স্বাস্থ্য ও জীবন-যাত্রার মানের উন্নয়ন করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করা। প্রকল্পটি সবুজ পাতায় অন্তর্ভুক্ত নেই। তিনি প্রকল্পটির উদ্দেশ্য, মূল কার্যক্রম ও প্রকল্প গ্রহণের যৌক্তিকতা উপস্থাপনের জন্য প্রকল্প সংশ্লিষ্টদের অনুরোধ জানান।

**১.২। আলোচনা:**

১.২.১। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) বলেন যে, প্রকল্পের লক্ষ্য হচ্ছে প্রকল্প এলাকায় পর্যাপ্ত নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করা এবং প্রকল্প এলাকায় টেকসই স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন করা। প্রকল্পটির মাধ্যমে গভীর/অগভীর নলকূপ স্থাপন, কমিউনিটি নলকূপ, টুইন পিট স্যানিটারি ল্যাট্রিন, কমিউনিটি ল্যাট্রিন এবং পাবলিক টয়লেটসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণের প্রস্তাব করা হয়েছে।

প্রকল্পের মূল কার্যক্রম: (লক্ষ টাকায়)

| ক্রমিক | অঙ্গের বিবরণ | সংখ্যা/পরিমাণ | বরাদ্দের পরিমাণ |
|---|---|---|---|
| ১. | অগভীর নলকূপ (০৬ নং হ্যান্ড পাম্পযুক্ত) | ৪০০ টি | ১২০.০০ |
| ২. | গভীর নলকূপ (০৬ নং হ্যান্ড পাম্পযুক্ত) | ৯০০ টি | ৬৭৫.০০ |
| ৩. | গভীর নলকূপ (সাবমার্সিবল পাম্প এবং উচ্চ জলাধারসহ) | ২২৫ টি | ৩৮২.৫০ |
| ৪. | কমিউনিটি নলকূপ | ১৮০ টি | ১২৬০.০০ |
| ৫. | টুইন পিট স্যানিটারি ল্যাট্রিন | ১৫০০ টি | ৯৭৫.০০ |
| ৬. | কমিউনিটি ল্যাট্রিন | ৩০ টি | ২৭০.০০ |
| ৭. | পাবলিক টয়লেট | ১০ টি | ৩৮০.০০ |

১.২.২। প্রকল্পটির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয় আলোচনায় অংশ নিয়ে বলেন যে, প্রকল্পটি ফরিদপুর জেলার দুইটি উপজেলার জন্য প্রণয়ন করা হয়েছে, শুধু ২টি উপজেলার জন্য প্রকল্প প্রণয়ন করা সমীচীন নয়। প্রকল্পটি ফরিদপুর জেলার সকল উপজেলাকে অন্তর্ভুক্ত করে বাস্তবায়ন করা যেতে পারে। প্রকল্পের ব্যয় যৌক্তিকভাবে নির্ধারণ করতঃ সমগ্র ফরিদপুর জেলাকে অন্তর্ভুক্ত করে ডিপিপি পুনর্গঠণ করা প্রয়োজন।

**১.৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

১.৩.১। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ফরিদপুর জেলার সদরপুর এবং চরভদ্রাসন উপজেলায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় ফরিদপুর জেলার সকল উপজেলাকে অন্তর্ভুক্ত করতঃ প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় যৌক্তিকভাবে নির্ধারণ করে ডিপিপি পুনর্গঠন করতে হবে।

**২। প্রকল্পের নামঃ হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়) প্রকল্প**

**২.১। উপস্থাপনাঃ**

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (পরিকল্পনা-৩) প্রকল্পটি উপস্থাপন করে বলেন, "হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটি মোট ১২০৭৬৭.৬৮ লক্ষ (এক হাজার দুইশত সাত কোটি সাতষট্টি লক্ষ আটষট্টি হাজার) টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২৫ হতে জুন ২০২৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রকল্পটি হাওড়ভিত্তিক ৭ টি জেলা সুনামগঞ্জ, হবিগঞ্জ, নেত্রকোণা, কিশোরগঞ্জ, সিলেট, মৌলভীবাজার এবং ব্রাহ্মণবাড়িয়া জেলায় বাস্তবায়িত হবে। প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে হাওর অঞ্চলে নিরাপদ পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে স্থানীয় জনগণের স্বাস্থ্য ও জীবন-যাত্রার মান উন্নয়ন করা। প্রকল্পটি সবুজ পাতায় অন্তর্ভুক্ত আছে। তিনি প্রকল্পটির লক্ষ্য, মূল কার্যক্রম ও প্রকল্প গ্রহণের যৌক্তিকতা উপস্থাপনের জন্য প্রকল্প সংশ্লিষ্টদের অনুরোধ জানান।

২.২। আলোচনা:

২.২.১। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) বলেন যে, প্রকল্পের লক্ষ্য হচ্ছে হাওর অঞ্চলের ভৌগোলিক ও মৌসুমী চ্যালেঞ্জ বিবেচনায় নিরাপদ এবং পর্যাপ্ত পানির উৎস স্থাপন, বন্যা ও শুকনো মৌসুমেও পানি সরবরাহের ধারাবাহিকতা নিশ্চিত করার জন্য উপযুক্ত প্রযুক্তি প্রয়োগ, পানির উৎস এবং পরিবেশ সুরক্ষায় জলবায়ু সহিষ্ণু, টেকসই এবং স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন নির্মাণ, সামাজিক প্রচারনার মাধ্যমে হাওর অঞ্চলে নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন বিষয়ে স্থানীয় জনগনের সচেতনতা বৃদ্ধিকরণ, নির্মিত স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষন বিষয়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ ও সাধারণ জনগনের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নিরাপদ পানি পান ও স্যানিটেশন নিশ্চিত করা। প্রকল্পটির মাধ্যমে গভীর/অগভীর নলকূপ স্থাপন, কমিউনিটি টিউবওয়েল, কমিউনিটি ল্যাট্রিন, টুইন পিট ল্যাট্রিন এবং পাবলিক টয়লেটসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণের প্রস্তাব করা হয়েছে।

**প্রকল্পের মূল কার্যক্রম:**

(লক্ষ টাকায়)

| ক্রমিক | অঙ্গের বিবরণ | সংখ্যা/পরিমাণ | বরাদ্দের পরিমাণ |
|---|---|---|---|
| ১. | অগভীর ৬ নং নলকূপ | ৪৭৪ | ১৮৯.৬০ |
| ২. | উঁচু প্ল্যাটর্ফমসহ গভীর নলকূপ<br>(১.৫" ডায়া, ২৭৫/৩০০ মাটির গভীরতা) | ২৫০৪০ | ৪০০৬৪.০০ |
| ৩. | উঁচু প্ল্যাটর্ফমসহ গভীর নলকূপ, সাবমারসবিল পাম্প এবং (৪"*১.৫", ২৩০/২৭৫/৩০০ মাটির গভীরতা, সুপারস্ট্রাকচার, পানি ট্যাঙ্ক) | ৫০০৮ | ৮৫১৩.৬০ |
| ৪. | টুইন পিট ল্যাট্রিন স্থাপন | ৩৭৫৬০ | ৩০০৪৮.০০ |
| ৫. | কমিউনিটি ল্যাট্রিন স্থাপন | ১২৫২ | ১১২৬৮.০০ |
| ৬. | পাবলিক টয়লেট | ২৮ | ১০৬৪.০০ |
| ৭. | এআইআরপি (আরও টাইপ) | ৩৯৩০ | ১৫৭২.০০ |
| ৮. | এআইআরপি (ভেসেল টাইপ) | ৫৭৮ | ৮০৯.২০ |
| ৯. | কমিউনিটি টিউবয়েল | ২৫০৪ | ১৭৫২৮.০০ |

২.২.২। প্রকল্পটির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয় আলোচনায় অংশ নিয়ে বলেন যে, সম্পূর্ণ জিওবি অর্থায়নে প্রস্তাবিত প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ১২০৭৬৭.৬৮ লক্ষ টাকা ধরা হয়েছে। সুতরাং প্রস্তাবিত প্রকল্পটি গ্রহণের পূর্বে অভিজ্ঞ পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সম্ভাব্য সমীক্ষা সম্পন্ন করা প্রয়োজন। তিনি আরো বলেন যে, ইতোমধ্যে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে প্রস্তাবিত এলাকায় কতগুলো গভীর নলকূপ স্থাপন করা হয়েছে এবং আলোচ্য প্রকল্পের মাধ্যমে কতগুলো স্থাপন করা হবে তার ম্যাপ প্রদর্শন করতে হবে। প্রয়োজনে গভীর নলকূপের সংখ্যা হ্রাস করে কমিউনিটি ভিত্তিক ওয়াটার পয়েন্ট স্থাপনের উপর গুরুত্ব আরোপ করা যেতে পারে।

২.৩। **বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

২.৩.১। প্রকল্পটি গ্রহণের পূর্বে অভিজ্ঞ পরামর্শক প্রতিষ্ঠান দ্বারা সম্ভাব্য সমীক্ষা সম্পন্ন করতে হবে।

২.৩.২। ইতোমধ্যে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে প্রকল্প এলাকায় কতগুলো গভীর নলকূপ স্থাপন করা হয়েছে এবং প্রস্তাবিত প্রকল্পের মাধ্যমে কতগুলো নলকূপ স্থাপন করা হবে তার ম্যাপ প্রদর্শন করতে হবে।

২.৩.৩। প্রস্তাবিত প্রকল্পে গভীর নলকূপের সংখ্যা হ্রাস করে কমিউনিটি ভিত্তিক ওয়াটার পয়েন্ট স্থাপনের উপর গুরুত্ব আরোপ করতে হবে।

৩। **প্রকল্পের নামঃ পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প (২য় পর্যায়)**

৩.১। **উপস্থাপনাঃ**

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (পরিকল্পনা-৩) প্রকল্পটি উপস্থাপন করে বলেন, “পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প (২য় পর্যায়)” এর মোট ৩৪১৮৩২.০৩ লক্ষ (তিন হাজার চারশত আঠার কোটি বত্রিশ লক্ষ তিন হাজার) টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২৫ হতে জুন ২০২৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রকল্পটি দেশের ৬৪ জেলার ৪৯৫টি উপজেলার সকল গ্রামীণ এলাকায় বাস্তবায়িত হবে। প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে জনগণকে নিরাপদ ও স্বাস্থ্যসম্মত পানি সরবরাহ নিশ্চিত করন এবং আর্সেনিক দূষণের কারণে সৃষ্ট স্বাস্থ্য ও পরিবেশগত সমস্যা সমাধান করা। প্রকল্পটি সবুজ পাতায় অন্তর্ভুক্ত আছে। তিনি প্রকল্পটির লক্ষ্য, মূল কার্যক্রম ও প্রকল্প গ্রহণের যৌক্তিকতা উপস্থাপনের জন্য প্রকল্প সংশ্লিষ্টদের অনুরোধ জানান।

৩.২। **আলোচনা:**

৩.২.১। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) বলেন যে, প্রকল্পের লক্ষ্য হচ্ছে সমগ্র দেশে পানির গুনগতমান পরিবীক্ষন ও পর্যবেক্ষণ এবং পরিস্থিতি পর্যালোচনা, বিদ্যমান নলকূপের পানিতে আর্সেনিক সহ অন্যান্য দূষণের পরিমান নিরুপন, প্রকল্প এলাকায় আর্সেনিকমুক্ত নিরাপদ পানি সরবরাহ করা, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ ও সাধারন জনগনের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে নিরাপদ পানি পান নিশ্চিত করা। প্রকল্পটির মাধ্যমে পানির গুনগতমান পরিবীক্ষণ, গভীর/অগভীর নলকূপ স্থাপন, রিং ওয়েল, রেইন ওয়াটার হারভেস্টিং, আয়রন-আর্সেনিক অপসারণ প্ল্যান্ট (ভেসেল টাইপ/আরও টাইপ) এবং কমিউনিটি টিউবওয়েল নির্মাণসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণের প্রস্তাব করা হয়েছে।

**প্রকল্পের মূল কার্যক্রম:** (লক্ষ টাকায়)

| ক্রমিক | অঙ্গের বিবরণ | সংখ্যা/পরিমাণ | বরাদ্দের পরিমাণ |
|---|---|---|---|
| ১. | অগভীর ৬নং নলকূপ | ৩২২৩৩ | ১১২৮১.৫৫ |
| ২. | অগভীর নলকূপ (সাবমারসিবল পাম্প, উচু জলাধারসহ) | ১১৩৭ | ১২৫০.৭০ |
| ৩. | গভীর নলকূপ | ৩৯৩৬৪ | ৩৫৪২৭.৬০ |
| ৪. | গভীর নলকূপ (সাবমারসিবল পাম্প, উচু জলাধারসহ) | ৬০১৬ | ১০২২৭.২০ |
| ৫. | রিং ওয়েল | ১৫৭৩ | ২২০২.২০ |
| ৬. | রেইন ওয়াটার হারভেস্টিং | ৩৯১৬ | ২৩৪৯.৬০ |
| ৭. | আয়রন -আর্সেনিক অপসারণ প্ল্যান্ট (ভেসেল টাইপ) | ৩৮২৭ | ৫৩৫৭.৮০ |
| ৮. | আয়রন -আর্সেনিক অপসারণ প্ল্যান্ট (আরও টাইপ) | ১০০০৭ | ৪০০২.৮০ |
| ৯. | কমিউনিটি টিউবওয়েল নির্মাণ | ৩১৮২৬ | ২২২৭৮২.০০ |
| ১০. | পিএসএফ/সোলার পিএসএফ | ৩৫৭ | ৫৩৫.৫০ |
| ১১. | মনিটরিং ওয়েল | ২৫০ | ৬২৫.০০ |

৩.২.২। প্রকল্পটির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয় আলোচনায় অংশ নিয়ে বলেন যে, প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ৩৪১৮ কোটি টাকা এবং সম্পূর্ণ অর্থের উৎস জিওবি। প্রকল্পটি বাস্তবায়নের জন্য বৈদেশিক সহায়তা প্রাপ্তির লক্ষ্যে PDPP প্রস্তুত করে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা যেতে পারে মর্মে তিনি মতামত ব্যক্ত করেন। এছাড়া প্রকল্পে প্রস্তাবিত আইটেম/অঙ্গের পরিমাণ ও প্রাক্কলিত ব্যয় যৌক্তিকভাবে নির্ধারণ করা প্রয়োজন। সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ এ বিষয়ে একমত পোষণ করেন।

৩.৩। **বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

৩.৩.১। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের জন্য বৈদেশিক সহায়তা প্রাপ্তির লক্ষ্যে PDPP প্রস্তুত করে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করতে হবে।

৩.৩.২। প্রকল্পে প্রস্তাবিত আইটেম/অঙ্গের পরিমাণ ও প্রাক্কলিত ব্যয় যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে।

৪। অতঃপর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৯/২০২৫

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
সচিব
স্থানীয় সরকার বিভাগ
ও
সভাপতি
প্রকল্প যাচাই কমিটি